২০/৫/২০০০

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৩...

# বেসরকারী শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট নিয়ে অনিয়ম চলছে

## —শিক্ষক-কর্মচারী ঐক্যজোট

**প্রেস বিজ্ঞপ্তি :** শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল ইসলাম ও সমন্বয়কারী মোঃ সেলিম ভুঁইয়া, যুগ্ম আহবায়কদ্বয় কাজী আঃ রাজ্জাক, মাওলানা এম এ লতিফ, যুগ্ম আহবায়কদ্বয় প্রিন্সিপাল মাজহারুল হান্নান ও শফিকুল আলম এক যুক্ত বিবৃতিতে বেসরকারী শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট নিয়ে সুবিধাভোগী মহলের খামখেয়ালী ও টাকা প্রদানে চরম অনিয়ম করায় ক্ষোভ প্রকাশ করেছেন।

নেতৃবৃন্দ বলেন, বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকরী অংশ থেকে কর্তনকৃত টাকায় পরিচালিত কল্যাণ ট্রাস্ট প্রথমে ১৯৯০ স্যালে চালু করা হলেও স্থগিত হয়ে যায়। পুনরায় ১৯৯৭ সালের মে মাস থেকে টাকা কর্তন আরম্ভ হয়। কিন্তু এ পর্যন্ত অবসরপ্রাপ্ত ও মৃত্যুবরণকারী শিক্ষকদের উত্তরাধিকারীদের পক্ষ থেকে ১৫ হাজারের অধিক আবেদন পড়লেও মাত্র ৫ শতাধিক আবেদনকারীকে টাকা প্রদান করা হয়।

গত ১৭ মে ১৮৪১ জন মৃত ও অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীর প্রাপ্য অর্থ প্রদান শুরুর ঘোষণা বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়। এতে স্কুল পর্যায়ে ১৫১ জন, কলেজ পর্যায়ে ৭২ জন এবং মাদ্রাসা পর্যায়ে ৭৬ জনের ক্রমিক নং উল্লেখ করা হয়েছে। ১৮৪১ জনের ঘোষণা থাকলেও ২৯৯ জনের ক্রমিক নং থাকায় বিষয়টি সন্দেহের সৃষ্টি করেছে।